Office of the Registrar
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Phone: (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন ঃ (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-১(১০)/২০০৭/পার্ট-০১/৬৭৫৮

তারিখ ঃ ২৭ অক্টোবর, ২০২৪

## সাময়িক মঞ্জুরী আদেশ

প্রাপক ঃ **অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক**
পিতা-মোঃ আবুল হোসেন, মাতা-হাজেরা খাতুন
ফিন্যান্স বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয় ঃ পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর শিক্ষক/কর্মচারীদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদান নীতিমালার আওতায় ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অনুকূলে সূচি মোতাবেক গৃহনির্মাণ ঋণ প্রদানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মতি এবং সরকার প্রদত্ত সুদ ভর্তুকি প্রদানের সাময়িক মঞ্জুরী আদেশ।

বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহনির্মাণ ঋণ প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্র অনুযায়ী বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংক পিএলসি তাদের ২৫/০৯/২০২৪ খ্রি. তারিখের আকা-ঢাদঅ/ঋবি/জগন্নাথ-১২৫৩/পাঃবিঃগৃঃনিঃঋণ/২৪৭/২০২৪ নং স্মারকে প্রস্তাবিত ঋণ গ্রহীতা অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক-এর অনুকূলে শর্ত সাপেক্ষে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা ঋণ প্রদানের জন্য সাময়িক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

| | | | |
|---|---|---|---|
| প্রস্তাবিত ঋণ গ্রহীতার নাম (NID সহ) | অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক (গ্রেড-৩য়), NID নং ৩২৮৩০৯৯০১২ | | |
| বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান | অগ্রণী ব্যাংক পিএলসি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা<br>হিসাব নম্বর ঃ ০২০০০০১২০৫০৫৭, রাউটিং নং- ০১০২৭৩১০৬ | | |
| প্রস্তাবিত ঋণের পরিমাণ | ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) | | |
| ঋণ আবেদনের কারণ | ☐ফ্লাট ক্রয় | ☑বাড়ি নির্মাণ | ☐জমি ক্রয়সহ বাড়ি |
| প্রস্তাবিত ঋণের ধরণ | ☑ একক | ☐গ্রুপ ভিত্তিক | |
| মাসিক সুদ ভর্তুকির পরিমাণ | সংযুক্ত সিডিউল মোতাবেক | | |
| মোট সুদ ভর্তুকির পরিমাণ | সংযুক্ত সিডিউল মোতাবেক | | |
| সুদ ভর্তুকি সমাপ্তির তারিখ | ☐ ঋণের মেয়াদ পূর্তি পর্যন্ত<br>তারিখ ঃ ০৫/০৮/২০৪৪ | ☐ পিআরএল সমাপ্তির<br>তারিখ ঃ ১২/১২/২০৪৪ | |

**তবে শর্ত থাকে যে,**

(ক) অর্থ বিভাগের সম্মতির পর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর পূর্ব সম্মতি ব্যতিত এই তফসিল পরিবর্তন করা যাবেনা।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।

(গ) নীতি মালার ৪ (গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণ গ্রহীতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঘ) প্রস্তাবিত ঋণ গ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসাবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(ঙ) ঋণ গ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃ তফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(চ) ঋণ গ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতি বিলম্বে বাস্তবায়ন কারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন।

চলমান পাতা-০২

**Office of the Registrar**
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Phone: (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন ঃ (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯



(ছ) ঋণ গ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(জ) কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণ গ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তন জনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।

(ঝ) ঋণ গ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি অর্থ বিভাগকে এবং সংশ্লিষ্ট বাস্তবায়ন কারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঞ) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৩২ নম্বর পরিপত্রের বিধানবলী পরিপালন যোগ্য হবে।

(ট) পরবর্তীতে কোনরূপ অসম্পূর্ণ অথবা অসত্য কিংবা নীতিমালার সাথে অসংগতিপূর্ণ কোন তথ্য পরিলক্ষিত হলে এই আদেশ যেকোন সময় বাতিল করার ক্ষমতা অর্থ বিভাগ সংরক্ষণ করবে।

(ঠ) জগন্নাথ বিশ্ববিদ্যালয় হতে গৃহীত কর্পোরেট গ্যারান্টির বিপরীতে হোলসেল গৃহনির্মাণ ঋণ চলমান থাকলে ঋণ বিতরণের পূর্বেই তা নিজস্ব উৎস থেকে সমন্বয় করতে হবে।

(ড) এ মঞ্জুরী আদেশের মেয়াদ আদেশ জারির তারিখ হতে সর্বোচ্চ ৯০ (নব্বই) দিন বলবৎ থাকবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

২৭/১০/২০২৪
অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

জবি/প্রশা-১(১০)/২০০৭/পার্ট-০১/৩৭৫৮

তারিখ ঃ ২৭ অক্টোবর, ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ

১. পরিচালক (অর্থ ও হিসাব) অর্থ ও হিসাব দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক, আইসিটি সেল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৩. পিএস টু ভিসি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)।
৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য)।
৫. সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান, অগ্রণী ব্যাংক পিএলসি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা।
৬. অফিস নথি।

২৭.১০.২০২৪
(সাইফুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।